

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৯, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ শুল্ক: রপ্তানি ও বন্ড শাখা ]

আদেশ

তারিখ : ১৬ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : সরাসরি ও প্রচলিত রপ্তানিমুখী শিল্প (পোশাক শিল্প ব্যতীত) প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ আদেশ, ২০০৮ বিষয়ক সাধারণ আদেশ নং-১৪/২০০৮ তারিখ : ২৯-০৬-২০০৮ খ্রিষ্টাব্দ এর অধিকতর সংশোধনী।

নং ৫৬/২০২০/১৯৯—The Customs Act, 1969 (Act No-IV of 1969) এর section 13 এর sub-section (2) এর উদ্দেশ্য পূরণকল্পে এবং section 219B এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, সরাসরি ও প্রচলিত রপ্তানিমুখী শিল্প (পোশাক শিল্প ব্যতীত) প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ আদেশ, ২০০৮ তারিখ : ২৯-০৬-২০০৮ খ্রিষ্টাব্দ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের—

(১) অনুচ্ছেদ ০৪ এর উপ অনুচ্ছেদ (খ) এর শেষে নিম্নরূপ শব্দ, সংখ্যা ও চিহ্নসমূহ সংযোজিত হইবে;

“যথা :— এই অনুচ্ছেদে উল্লিখিত “Compliant প্রতিষ্ঠান” বলিতে নিম্ন বর্ণিত শর্তসমূহ পূরণকারী প্রতিষ্ঠানকে বোঝাইবে, যথা :—

(অ) The Customs Act, 1969 এর যে কোন section এবং বন্ডেড ওয়ারহাউজ লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর যে কোন বিধি বা এতৎসংক্রান্ত কোন বিধি-বিধান ভঙ্গের দায়ে কোন প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিগত ০৩ (তিন) বছরে

(৯৪৮৯)

মূল্য : টাকা ৪.০০

কোন মামলা/দাবীনামা প্রাথমিকভাবে প্রমাণিত হয়নি। এ ক্ষেত্রে “প্রাথমিকভাবে প্রমাণিত” বলিতে উক্ত আইনের section 179 এর অধীন সংশ্লিষ্ট ন্যায় নির্ণয়নকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ন্যায় নির্ণয়ন আদেশের মাধ্যমে অপরাধ/অনিয়ম প্রতিষ্ঠিত হওয়া;

- (আ) বিবেচ্য প্রাপ্যতা মেয়াদের অব্যবহিত পূর্ববর্তী ন্যূনতম ০১ (এক) অর্থবছরে মূল্য সংযোজন কর দাখিলপত্র (মূসক-৯.১) সংশ্লিষ্ট ভ্যাট কার্যালয়ে জমা প্রদানে ব্যর্থ হন নাই; এবং
- (ই) বিকল্প বিরোধ নিষ্পত্তির আওতায় সহায়তাকারী (Facilitator) এর নিকট আবেদন দাখিলের ক্ষেত্রে ব্যতীত, সংশ্লিষ্ট কমিশনারেট বা কোন আপিল কর্তৃপক্ষ বা কোন আদালতে শুল্ক-কর এর দাবী সংক্রান্ত কোন বিরোধ বা আপত্তি বিচারাধীন নাই।
- (২) অনুচ্ছেদ ০৪ এর উপ অনুচ্ছেদ (গ) এর পর নিম্নরূপ উপ অনুচ্ছেদ (ঘ) সংযোজিত হইবে, যথা :—
- (ঘ) কোন মেয়াদে কোন উপকরণ বা কাঁচামাল প্রাপ্যতা প্রদানের পর উক্ত মেয়াদে উহা আমদানি বা ব্যবহৃত না হইলে, পরবর্তী প্রাপ্যতা মেয়াদে উপকরণ বা কাঁচামাল প্রতিষ্ঠানের উৎপাদিতব্য পণ্যের জন্য অত্যাৱশ্যক হইলে সেই ক্ষেত্রে, কোন পূর্ববর্তী মেয়াদে প্রদত্ত মঞ্জুরির সমপরিমাণ প্রাপ্যতা প্রদান করা যাইবে এবং মজুদ থাকিলে তাহা অন্তর্ভুক্ত করিয়া এই সমপরিমাণ প্রাপ্যতা নির্ধারিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ফরিদা ইয়াসমীন

দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)।